বাংলাদেশ নার্সিং কাউন্সিল
নং ... ৩৬ ...
তাং ... ০২/০৭/০৯ ...
ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং শাখা)

নং- স্বাপকম/নাসা/নীতিমালা-০১/০৬/

তারিখ ১৪/০৩/১৪১৬বাং
২৮/০৬/২০০৯ ইং

প্রজ্ঞাপন

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বেসরকারী হাসপাতালে বিদেশী বিশেজ্ঞ চিকিৎসক/বিশেষায়িত নার্স নিয়োগ সংক্রান্ত নীতিমালা ২০০৯ নিম্নোক্তভাবে প্রণয়ন করা হয়েছে ঃ

বাংলাদেশের বিভিন্ন বেসরকারী হাসপাতালে বিদেশী চিকিৎসক ও নার্স নিয়োগ করা হয়। এসব হাসপাতালসমূহে উন্নত সেবা নিশ্চিতকরনের নিমিত্ত নীতিমালা থাকা প্রয়োজন। এর লক্ষ্যে সরকার নিম্নোক্ত নীতিমালা প্রণয়ন করলেন ঃ

১। শিরোনামঃ

এই নীতিমালা স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রনালয় কর্তৃক অনুমোদিত ও স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত বেসরকারী হাসপাতালে বিদেশী বিশেষজ্ঞ চিকিৎসক/ বিশেষায়িত নার্স নিয়োগ সংক্রান্ত নীতিমালা নামে অভিহিত হবে এবং তা অবিলম্বে কার্যকর হবে।

২। নীতিমালার প্রয়োগঃ

২.১ এই নীতিমালা বাংলাদেশের অভ্যন্তরে পরিচালিত সকল বেসরকারী হাসপাতালের ক্ষেত্রে আবশ্যিকভাবে প্রতিপালনীয় হবে;

২.২ এই নীতিমালার লঙ্ঘন সংশ্লিষ্ট হাসপাতাল, চিকিৎসক এবং নার্সগণের লাইসেন্স ও নিবন্ধীকরণ বাতিলের কারণরূপে গন্য হবে ;

২.৩ এই নীতিমালাটি বেসরকারী মেডিকেল কলেজ, নার্সিং কলেজ/ইনষ্টিটিউটের ক্ষেত্রে প্রযোজ্য হবে না ;

২.৪ বিনা মূল্যে অথবা জনহিতকর উদ্দেশ্যে অনূর্ধ্ব তিন মাসের জন্য কোন সরকারী চিকিৎসা কেন্দ্র বা স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানে আগত বিদেশী চিকিৎসক/ নার্সদের ক্ষেত্রে এই নীতিমালা প্রযোজ্য হবে না।

২.৫ এই নীতিমালার বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ব্যাখ্যাই চূড়ান্ত বলে গণ্য হবে ।

৩। নীতিমালা প্রণয়নের মূল উদ্দেশ্য :

৩.১ বেসরকারী হাসপাতালে বিদেশী বিশেষজ্ঞ চিকিৎসক/ বিশেষায়িত নার্স নিয়োগ বিষয়ে দিক নির্দেশনা প্রদান পূর্বক নিয়োগ নিয়মতান্ত্রিক করা;

৩.২ বিদেশী প্রযুক্তি, জ্ঞান ইত্যাদি হস্তান্তরের মাধ্যমে দেশীয় সেবা খাতের উন্নয়ন করা;

৩.৩ দেশে জনসাধারণের কাছে উন্নত মানের চিকিৎসা ও সেবা সহজলভ্য ও মানসম্মত করা;

৩.৪ বেসরকারী হাসপাতালে জনবল নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশী চিকিৎসক / নার্স নিয়োগদানের বিষয় নিশ্চিত করা।

৪। নীতিমালা নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহের জন্য প্রযোজ্যঃ

৪.১ বেসরকারী হাসপাতালে বিদেশী বিশেষজ্ঞ চিকিৎসক/ বিশেষায়িত নার্স নিয়োগ ও নিয়োগের বিষয়ে অনাপত্তি প্রদান;

৪.২ বিদেশী বিশেষজ্ঞ চিকিৎসক/ বিশেষায়িত নার্সদের বাংলাদেশ মেডিকেল এ্যান্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) এবং বাংলাদেশ নার্সিং কাউন্সিল (বিএনসি) কর্তৃক অস্থায়ী নিবন্ধন;

৪.৩ বেসরকারী হাসপাতালে বিদেশী চিকিৎসক ও নার্সগণ কর্তৃক সেবা প্রদান তত্ত্বাবধান।

৫। বেসরকারী হাসপাতালে বিদেশী বিশেষজ্ঞ চিকিৎসক/বিশেষায়িত নার্সদের নিয়োগদানের পদ্ধতিঃ

৫.১ বেসরকারী হাসপাতালের প্রধান নির্বাহী কর্মকর্তা তাদের কোন্ বিষয়ে কোন্ পর্যায়ের বিদেশী বিশেষজ্ঞ চিকিৎসক/ বিশেষায়িত নার্স প্রয়োজন সে সংক্রান্ত তালিকা প্রণয়নপূর্বক নিয়োগের পূর্বে অনাপত্তির জন্য মন্ত্রনালয়ের প্রেরন করবে;

৫.২ তালিকা প্রাপ্তির পর, চিকিৎসা/ নার্সিং এর যে ক্ষেত্রসমূহে বিশেষজ্ঞ চিকিৎসক/ বিশেষায়িত নার্স নিয়োগের জন্য অনাপত্তি চাওয়া হয়েছে, সে বিষয়ে বাংলাদেশে বিশেষজ্ঞের অপ্রতুলতা রয়েছে কি না বা চাহিদামত অনাপত্তি প্রদান করা যায় কি না, সে বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরের মতামত গ্রহণ করতে হবে।

৬। বিদেশী বিশেষজ্ঞ চিকিৎসক/বিশেষায়িত নার্স নিবন্ধনের জন্য আবেদনের পদ্ধতি:

৬.১ নিয়োগ প্রদানকারী বেসরকারী হাসপাতালের প্রধান নির্বাহী কর্মকর্তা নিবন্ধনের নিমিত্ত বিশেষজ্ঞ চিকিৎকের জন্য বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল এবং বিশেষায়িত নার্সের জন্য বাংলাদেশ নার্সিং কাউন্সিলের নির্ধারিত ছক পূরন পূর্বক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে দাখিল করবে।;

৬.২ প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট আকারের দুই কপি ছবি, জীবনবৃত্তান্ত, সকল অভিজ্ঞতা, শিক্ষাগত যোগ্যতা ও প্রশিক্ষণের সনদপত্র, নিজ দেশের রেজিষ্ট্রেশন সনদপত্রের অনুলিপি উক্ত দেশের পররাষ্ট্র মন্ত্রণালয় ও উক্ত দেশে অবস্থিত বাংলাদেশী দূতাবাস কর্তৃক সত্যায়িত হতে হবে;

৬.৩ প্রার্থীর নিজ দেশের মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল/ নার্সিং কাউন্সিল কর্তৃক ইস্যুকৃত সু প্রতিষ্ঠা সার্টিফিকেট (Good Standing Certificate) সংযুক্ত করতে হবে;

৬.৪ নিবন্ধীকরণের জন্য বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল/ বাংলাদেশ নার্সিং কাউন্সিলে নির্ধারিত ফি জমা দিতে হবে ;

৬.৫ নার্সিং ও মিডওয়াইফারীতে ৩/৪ বছরের ডিপ্লোমা কোর্স সম্পন্ন হতে হবে এবং সংশ্লিষ্ট দেশের সরকার কর্তৃক অনুমোদিত কোন হাসপাতালে ন্যূনতম ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। রেজিষ্ট্রেশনের আবেদনের সাথে উক্ত সনদপত্রের কপি যথানিয়মে সত্যায়িত করে সংযুক্ত করতে হবে ;

৬.৬ বিদেশী বিশেষজ্ঞ চিকিৎসক/ বিশেষায়িত নার্সদেরকে নিয়োগের জন্য অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠান বিদেশী ডাক্তার/নার্স নিয়োগের চুক্তির কপি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৭। নিয়োগের শর্তাবলী:

৭.১ নিয়োগকৃত বিদেশী বিশেষজ্ঞ চিকিৎসক/ নার্সগনের নিম্নবর্নিত যোগ্যতা থাকতে হবে :

ক) মূল ডিগ্রী (Basic Degree) হতে হবে MBBS/ BDS অথবা সমমান ;

খ) অধ্যাপক অথবা সিনিয়র কনসালটেন্ট হিসেবে নিয়োগপ্রাপ্ত হতে পারেন, এরূপ স্নাতকোত্তর (Post Graduate) ডিগ্রী থাকতে হবে ;

গ) স্নাতকোত্তর (Post Graduate) (ডিপ্লোমা ব্যতিত) ডিগ্রী অর্জনের পর স্বীয় ক্ষেত্রে ন্যূনতম ৭ (সাত) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে এবং তিনি কি ধরনের কাজ করছেন এবং তার উপর কি দায়িত্ব ছিল এ মর্মে তিনি যে প্রতিষ্ঠানে কর্মরত ছিলেন সে প্রতিষ্ঠানের প্রধান হতে সার্টিফিকেট দাখিল করবেন ;

ঘ) বিদেশী বিশেষজ্ঞ চিকিৎসক/বিশেষায়িত নার্স নিয়োগের পূর্বে সংশ্লিষ্ট পদে বাংলাদেশী চিকিৎসক/নার্স নিয়োগের নিমিত্ত দু'টি জাতীয় দৈনিক পত্রিকায় (বাংলা ও ইংরেজী) নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার করতে হবে ;

৭.২ FCPS/MD/MS/ MRCP/MRCS বা সমমানের বিদেশী পরামর্শক চিকিৎসকের বিপরীতে একই অধিক্ষেত্রের অনুরূপ শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন ২ (দুই) বছরের অভিজ্ঞতাসম্পন্ন ন্যূনতম ২ (দুই) জন বাংলাদেশী পরামর্শক নিয়োগ দিতে হবে এবং বিএমডিসিতে তাদের নিয়োগপত্রের কপি জমা দিতে হবে;

৭.৩ একটি বেসরকারী হাসপাতালের চিকিৎসক ও নার্সদের অনুমোদিত সর্বমোট পদের এক-পঞ্চমাংশ পদে প্রথম ৭ বৎসর এবং ৭ বৎসর পর হতে একদশমাংশ হারে বিদেশী ডাক্তার/নার্স নিয়োগ করা যাবে;

৭.৪ বিদেশী বিশেষায়িত নার্স নিয়োগের ক্ষেত্রে নার্সদের যথাক্রমে ৩/৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন নার্সিং অথবা বিএসসি ইন নার্সিং কোর্সসহ বিশেষায়িত কোর্স/ ডিগ্রীধারী হতে হবে;

৭.৫ বিদেশী চিকিৎসক/ নার্সদের বাংলাদেশে আগমনের জন্য আবশ্যিকভাবে স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয়ের অনুমতি গ্রহন করতে হবে;

৭.৬ তিন মাসের অধিক সময়ের জন্য নিয়োগকৃত বিদেশী চিকিৎসক ও নার্সগনের বিষয়ে স্বরাষ্ট্র ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের অনাপত্তি/ ছাড়পত্র গ্রহন করতে হবে;

৭.৭ তিন মাস বা তার কম সময়ের জন্য নিয়োগকৃত বিদেশী চিকিৎসক / নার্সগণের বাংলাদেশে অবস্থানের জন্য নিরাপত্তা ছাড়পত্র ব্যতিত একবার অনুমতি নেয়ার পর একই ধারাবাহিকতায় পুনরায় তিন মাস বা তার কম মেয়াদের জন্য নিয়োগের আবেদন করা যাবেনা;

৭.৮ ২.৪ এর ব্যতিক্রম ব্যতিত বিএমডিসি/ বিএনসি এর নিবন্ধন ছাড়া কোন বিদেশী চিকিৎসক/ নার্স বাংলাদেশের ভৌগোলিক সীমারেখার মধ্যে চিকিৎসা সেবা প্রদান করতে পারবেন না।

৮। অযোগ্যতা:

৮.১ বাংলাদেশ কর্তৃক স্বীকৃত নয় বা বাংলাদেশের সাথে কূটনৈতিক সম্পর্ক বিদ্যমান নেই, এমন কোন দেশের চিকিৎসক / নার্সের বাংলাদেশে চিকিৎসা সেবা দানের নিমিত্ত অবস্থানের জন্য আবেদন গ্রহন করা হবেনা ;

৮.২ বেসরকারী হাসপাতালের যে বিভাগে দক্ষ ও অভিজ্ঞ বাংলাদেশী চিকিৎসক / নার্স অপ্রতুল হলে কেবলমাত্র সে বিভাগের জন্য কোন বিদেশী চিকিৎসক ও নার্সদের অনুকূলে বাংলাদেশে চিকিৎসা সেবা দানের নিমিত্ত নিয়োগের জন্য আবেদন করা যাবে ;

৮.৩ যেসব বিদেশী বিশেষজ্ঞ চিকিৎসক/ বিশেষায়িত নার্সগণকে কোন নিদিষ্ট হাসপাতালের জন্য বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল ও বাংলাদেশ নার্সিং কাউন্সিল হতে নিবন্ধন (Temporary Registration) প্রদান করা হবে, তিনি বা তারা উক্ত হাসপাতাল ব্যতিত অন্য কোথাও চিকিৎসা সেবায় নিয়োজিত হতে পারবেন না।

৯। অস্থায়ী নিবন্ধনের মেয়াদ:

৯.১ প্রাথমিকভাবে ২ বৎসরের জন্য অস্থায়ী নিবন্ধনের পর মেয়াদ বৃদ্ধির জন্য আবেদন পাওয়া গেলে সংশ্লিষ্ট চিকিৎসক/নার্সের দক্ষতা সম্পর্কে বিএমডিসি/ বিএনসির সুপারিশ সাপেক্ষে স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয় উক্ত চিকিৎসক/নার্সের বাংলাদেশে অবস্থানের মেয়াদ আইনানুযায়ী বৃদ্ধি করবে ;

৯.২ স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রনালয় বিদেশী চিকিৎসক / নার্সের জন্য এরূপ অনুমতি প্রদানকালে অনুমোদনের বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রনালয়, পররাষ্ট্র মন্ত্রনালয় এবং বিনিয়োগ বোর্ডসহ সংশ্লিষ্ট সংস্থাকে অবহিত করবে।

১০। নিবন্ধন বাতিল:

১০.১ কোন বিদেশী চিকিৎসক/নার্সের বিষয়ে জাতীয় নিরাপত্তার বিষয়ে কোন প্রশ্ন দেখা দিলে অথবা জনস্বাস্থ্য, নৈতিকতা বা জনশৃঙ্খলার পরিপন্থী কার্যকলাপের জন্য তার বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হলে তার নিবন্ধন বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে বাংলাদেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০.২ বিনিয়োগ বোর্ড কর্তৃক কর্মানুমতি না পেলে অস্থায়ী নিবন্ধন বাতিল হয়ে যাবে।

১১। বেসরকারী হাসপাতাল কর্তৃক আবশ্যিকভাবে পালনীয় শর্তাবলী ঃ

১১.১ নিয়োগকারী হাসপাতাল বিদেশী চিকিৎসক/নার্সগণের কার্যক্রম ও দক্ষতার উপর স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে একটি প্রতিবেদন দাখিল করবে এবং দাখিলকৃত প্রতিবেদন যদি সন্তোষজনক না হয়, তবে মন্ত্রনালয় কর্তৃক তাদের অনুমোদন বাতিল করা হবে;

১১.২ বেসরকারী হাসপাতাল কর্তৃক নিয়োগকৃত বিদেশী বিশেষজ্ঞ চিকিৎসক/ বিশেষায়িত নার্সগণের অবহেলা, অদক্ষতা বা দায়িত্বহীনতার কারণে যদি সেবা গ্রহণকারী ব্যক্তি বা ব্যক্তিবর্গ কোনরুপ ক্ষতির শিকার হন বা এমন কোন কর্মকান্ডে লিপ্ত হন যা রোগীর জন্য ক্ষতিকর, তবে তার যাবতীয় দায়দায়িত্ব নিয়োগকারী হাসপাতালকে বহন করতে হবে এবং উক্ত হাসপাতালের বিরুদ্ধে এদেশের প্রচলিত আইনে ক্ষতিপূরণ মামলা করা যাবে;

১১.৩ যে কোন ধরনের প্রাকৃতিক দুর্যোগে সরকারের চাহিদা মোতাবেক অনুমতিপ্রাপ্ত বিদেশী বিশেষজ্ঞ চিকিৎসক, বিশেষায়িত নার্সগনকে নির্ধারিত সময়ের জন্য বাংলাদেশের যে কোন স্থানে চিকিৎসা সেবা দানের জন্য নিয়োগে সংশ্লিষ্ট হাসপাতাল সহযোগিতা করবে।

১১.৪ এই নীতিমালার যেকোন অংশ যে কোন সময় সরকার কর্তৃক পরিবর্তন, পরিমার্জন, প্রতিস্থাপন করা যাবে।

(ফেরদৌসী আখতার)
সিনিয়র সহকারী সচিব
ফোন ৭১৭২৭৭৯

নং- স্বাপকম/নাসা/নীতিমালা-০১/০৬/ ৬৮৬/১(১২)

তারিখ ১৪/০৩/১৪১৬বাং
২৮/০৬/২০০৯ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
৩। যুগ্ম-সচিব ( হাসপাতল ও নার্সিং) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। পরিচালক, হাসপাতাল, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। পরিচালক, সেবা পরিদপ্তর, ১৪-১৫ মতিঝিল, বানিজ্যিক এলাকা, ঢাকা।
৬। রেজিষ্ট্রার, বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল, ২০৩ শহীদ নজরুল ইসলাম সরনী, ঢাকা।
৭। রেজিষ্ট্রার, বাংলাদেশ নার্সিং কাউন্সিল, ২০৩ শহীদ নজরুল ইসলাম সরনী, ঢাকা।
৮। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (গেজেট প্রকাশের অনুরোধ সহ)।

(ফেরদৌসী আখতার)
সিনিয়র সহকারী সচিব
ফোন ৭১৭২৭৭৯

অনুলিপি ঃ

১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। মাননীয় সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। উপ-সচিব (নার্সিং ও জিআই) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। উপ-সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।